

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৫.১৯-৬২

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪২৬ ব.
০২ মার্চ, ২০২০ খ্রি.

বিষয়: ডিটিই কর্তৃক ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে জারিকৃত (পলিটেকনিকের শিক্ষার্থীদের নিকট হতে বিভিন্ন ফি আদায় বিষয়ে) আদেশসমূহের ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের নিমিত্ত তথ্য প্রামাণক ও মতামতসহ প্রতিবেদন টিএমইডি-তে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-৫৭.০৩.০০০০.০২২.৯৯(অডিট-বিবিধ).১৪১.১৮-১১, তারিখ: ০৩/০২/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে জারিকৃত (পলিটেকনিকের শিক্ষার্থীদের নিকট হতে বিভিন্ন ফি আদায় বিষয়ে) আদেশসমূহের ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের নিমিত্ত টিএমইডি-তে অনুরোধপত্র পাওয়া গেছে।

০২. ডিটিই কর্তৃক উল্লেখ করা হয়েছে যে, ১০, ১১, ১২ ও ১৩ সালে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন পলিটেকনিকে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট হতে বিভিন্ন ফি বাবদ অর্থ আদায়ের লক্ষ্যে উল্লেখিত আদেশসমূহ জারী করা হয়।

০৩. এ বিষয়ে মন্ত্রণালয়ের অনুমোদন না থাকায় উক্ত আদেশের আলোকে আদায়কৃত কিছুকিছু খাতের অর্থের উপর অডিট আপত্তি হয়। উক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে (ডিটিই কর্তৃক জারিকৃত বর্ণিত আদেশে মন্ত্রণালয়ের অনুমোদন না থাকায়) টিএমইডি কর্তৃক উক্ত আদেশগুলোর ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন মর্মে ডিজি, ডিটিই কর্তৃক জানানো হয়েছে।

০৪. উক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে (ডিটিই কর্তৃক জারিকৃত বর্ণিত আদেশে মন্ত্রণালয়ের অনুমোদন না থাকায়) ২০০৭ সালে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালের পরিপত্র ও ২০১৪ সালে শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রের তুলনামূলক বিবরণী সংযুক্ত হকে উল্লেখ করা হয়েছে।

০৫. ডিটিই এর উক্ত পত্রে আরো উল্লেখ করা হয়েছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২০০৭ সালের পরিপত্রটি দেশের সকল শিক্ষা ব্যবস্থার জন্য সাধারণভাবে জারি করা হয়। কারিগরি শিক্ষা ব্যবস্থার সাথে সাধারণ শিক্ষার ভিন্নতা থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত পরিপত্রটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান ও পরীক্ষার ধরণ অনুযায়ী কিছু কিছু খাতের গড়মিল পরিলক্ষিত হয়।

০৬. কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে (অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য) ফি নির্ধারণ বিষয়ে ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে চারটি পরিপত্র জারি করা হয়।

০৭. ডিটিই কর্তৃক জারিকৃত উক্ত ০৪ টি পরিপত্রের আলোকে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ফি আদায় করা হয় এবং উক্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ব্যয় করা হয়।

০৮. ডিটিই এর উক্ত পত্রে আরো উল্লেখ করা হয়েছে যে, পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ: ০৬ জুলাই ২০১৪ খ্রি. মোতাবেক জারিকৃত পরিপত্রের মাধ্যমে কারিগরি প্রতিষ্ঠানসমূহের জন্য আলাদা তফসিলে শিক্ষার্থীদের নিকট হতে অর্থ আদায়ের নির্দেশনা দেয়া হয়। উক্ত পরিপত্রের সাথে অত্র অধিদপ্তরের ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে জারিকৃত আদেশের অধিকাংশ ক্ষেত্রেই মিল রয়েছে।

০৯. উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয় হতে ২০১৪ সালে জারিকৃত পরিপত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের নিকট হতে অর্থ আদায় না করে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে জারিকৃত আদেশসমূহের প্রেক্ষিতে অর্থ আদায় করায় স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে মর্মে ডিটিই কর্তৃক জানানো হয়। এবং উক্ত আপত্তি নিষ্পত্তির নিমিত্ত এ বিষয়ে তথ্য ডিটিই কর্তৃক জারিকৃত পরিপত্রের ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের জন্য ডিজি, ডিটিই কর্তৃক অনুরোধ জানানো হয়েছে।


১০. ডিজি, ডিটিই এর উক্ত প্রস্তাবের এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নের বিষয়ে তথ্য ও মতামত প্রয়োজন:

- (ক) কোন কোন প্রয়োজনীয়তার নিরিখে কারিগরি শিক্ষা অধিদপ্তর থেকে ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সালে আদেশসমূহ জারী করা হয়েছিল ?
- (খ) উক্ত আদেশসমূহ জারীর ক্ষেত্রে মন্ত্রণালয় তথা টিএমইডির কোন অনুমোদন নেয়া হয়েছিল কীনা ? অনুমোদন না নেয়া হয়ে থাকলে না নেয়ার কারণ কী ?
- (গ) উক্ত আদেশসমূহ জারীর ক্ষেত্রে ডিটিই ক্ষমতা প্রাপ্ত কীনা ?
- (ঘ) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য ভূতাপেক্ষ অনুমোদন ব্যতিত অন্যকোন বিকল্প সুযোগ আছে কীনা ?
- (ঙ) বর্তমানে পলিটেকনিক বা টিএসসি-তে এরূপ কোন জটিলতা আছে কীনা ? থাকলে তা সমাধানের উপায় কী ?
- (চ) বর্তমানে ফি আদায় বিষয়ে টিএমইডি হতে কোন পরিপত্র জারী করার প্রয়োজনীয়তা আছে কী না ?
- (ছ) এ বিষয়ে অন্যকোন তথ্য যা সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় হতে পারে ।



চলমান পাতা/০২

১১. এমতাবস্থায়, উপরিউক্ত জিজ্ঞাসার আলোকে তথ্য প্রমানক এবং মতামতসহ প্রতিবেদন আগামী ১৬.০৩.২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২.০৩.২০
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক,
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪-০৫. অফিস কপি/ মাষ্টার কপি।